

ইউআরসি, নাটোর সদর, নাটোর এর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of URC, Natore Sadar, Natore)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩বছর) প্রধান অর্জনসমূহ :

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রয়োজন মানসম্মত শিক্ষক। যুগোপযোগী ও মানসম্মত শিক্ষক তৈরির লক্ষ্যে পিইডিপি-৩ এর আওতায় শিক্ষক প্রশিক্ষণের কাজ শুরু হয়ে পিইডিপি-৪ এ চলমান রয়েছে। ইউআরসিতে ২০২০-২০২১ অর্থ বছরে ৬৫২ জন শিক্ষককে অন্তর্বর্তী পাঠপরিকল্পনার উপর অবহিতকরণ এবং ১১০ জন প্রধান শিক্ষক ও ২২০ জন সহকারি শিক্ষককে গুগল মিট বা জুম অ্যাপে সভা পরিচালনা / ক্লাস পরিচালনা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং ২০২১-২০২২ অর্থ বছরে ২৭০ জনকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া শিক্ষার্থী প্রোফাইল প্রশিক্ষণ দেওয়া হয় ১৮০ জন শিক্ষককে এবং ২০২২-২৩ অর্থ বছরে মোট ৩৬০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন - প্রয়োগ নিশ্চিত করতে ২০২০-২০২১ অর্থ বছরে ৮৫ টি বিদ্যালয় এবং ২০২১-২২ অর্থ বৎসরে ৬০ টি এবং ২০২২-২৩ অর্থ বছরে ৬০ টি বিদ্যালয় এক বা একাধিকবার পরিদর্শন করে একাডেমিক সহায়তা প্রদান করা হয়েছে। এ ছাড়া ডিপিএড প্রশিক্ষণ ও বিষয়ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণলব্ধ জ্ঞান শ্রেণিকক্ষে প্রয়োগের পর শিক্ষকগণ তাঁদের পেশাগত ধারণা প্রয়োগে যে ঘাটতি অনুভব করেন তা পূরণে শিক্ষকযোগ্যতার আলোকে শিক্ষকগণের চাহিদার ভিত্তিতে চাহিদাভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিচালিত হয়। শিক্ষকগণের চাহিদার আলোকে অত্র ইউআরসিতে ইতোমধ্যে ২৪টি সাব-ক্লাস্টার প্রশিক্ষণের লিফলেট প্রণয়ন ও সংশ্লিষ্ট প্রশিক্ষকদের ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ইউআরসির পক্ষ থেকে শিক্ষকগণকে ধারাবাহিক সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। বিদ্যালয় বন্ধকালীন সময়ে শিশুদের সাথে কার্যকর যোগাযোগ, নেপ কতৃক প্রদত্ত বাড়ীর কাজ প্রদান ও সংগ্রহ এবং শিশুদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের সুরক্ষা বিষয়ে শিক্ষকগণকে স্বল্প পরিসরে অনলাইন প্ল্যাটফর্মে প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে এ কার্যক্রমে সকল শিক্ষককে অর্ন্তভুক্ত করা যেতে পারে। এছাড়া শিক্ষকগণের বাস্তবতার নিরিখে/প্রয়োজনভিত্তিক যে কোন একাডেমিক চাহিদা পূরণে ভার্চুয়াল প্ল্যাটফর্মে সহায়তা প্রদান করা হচ্ছে এবং ভবিষ্যতেও শিক্ষকগণের চাহিদার ভিত্তিতে অনলাইনভিত্তিক প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন প্রদান অব্যাহত থাকবে।